গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
[কর নীতি উইং]
www.nbr.gov.bd

নম্বর-০৮.০১.০০০০.০৩০.০১১.০০৩.১২/১১৩

তারিখ: ১৮ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ / ০২ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

আদেশ নং-০৩/২০২৬

বিষয়: আয়কর আইন, ২০২৩ এর ধারা ২৭২ এর প্রয়োগ সংক্রান্ত আদেশ।

আয়কর আইন, ২০২৩ এর ধারা ৩৪২ এর ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, নিম্নরূপ আদেশ জারি করিলঃ

"আয়কর আইনের অংশ ১৯ এ উল্লিখিত সকল ধরনের জরিমানা আরোপের জন্য সংশ্লিষ্ট করদাতা বা ব্যক্তির শুনানি গ্রহণ বা শুনানির যুক্তিসঙ্গত সুযোগ প্রদান বাধ্যতামূলক হওয়ায় কোনো করদাতা বা ব্যক্তির আয়, সম্পদ, দায় বা ব্যয় গোপন অথবা অসত্য পরিমাণে প্রদর্শনের ফলে কর ফাঁকি সংঘটিত হইলে, ২৭২ ধারায় জরিমানা আরোপের জন্য সংশ্লিষ্ট করদাতা বা ব্যক্তির শুনানি গ্রহণ বা শুনানির যুক্তিসঙ্গত সুযোগ প্রদান বাধ্যতামূলক।

সুতরাং, উপকর কমিশনার এক্ষেত্রে প্রথমত: ২৭২ ধারায় জরিমানা আরোপের প্রযোজ্যতা রহিয়াছে কিনা সেই বিষয়ে রায় বা করাদেশ প্রদান করিবেন এবং জরিমানা আরোপের প্রযোজ্যতা থাকিলে একই করাদেশে ২৭২ ধারায় জরিমানা আরোপ করিবেন। কিন্তু জরিমানা আরোপের প্রযোজ্যতা না থাকিলে, তিনি জরিমানা আরোপ করিবেন না।

১। চাকরি হইতে আয়ঃ যে ক্ষেত্রে কোনো করদাতা বা ব্যক্তির চাকরি হইতে আয়ের কোনো খাত গোপন বা অসত্য পরিমাণে প্রদর্শনের ফলে কর ফাঁকি সংঘটিত হয় সেক্ষেত্রে ২৭২ ধারায় জরিমানা আরোপের প্রযোজ্যতা রহিয়াছে। কিন্তু, করদাতা বা ব্যক্তি চাকরি হইতে আয়ের কোনো খাত গোপন বা অসত্য পরিমাণে প্রদর্শন করেন নাই বরং করযোগ্য আয়ের খাতকে করমুক্ত হিসাবে প্রদর্শন অথবা আয়কর আইনের চাকরি হইতে আয় সংশ্লিষ্ট কোনো বিধান পরিপালন না করিবার ফলে অথবা আইন অনুযায়ী কোনো করমুক্ত আয়, করযোগ্য আয় হিসাবে বিবেচিত হইবার ক্ষেত্রে ২৭২ ধারায় জরিমানা আরোপের প্রযোজ্যতা নাই।

২। ভাড়া হইতে আয়ঃ যে ক্ষেত্রে কোনো করদাতা বা ব্যক্তির ভাড়া হইতে আয়ের কোনো খাত গোপন বা অসত্য পরিমাণে প্রদর্শনের ফলে কর ফাঁকি সংঘটিত হয় সেক্ষেত্রে ২৭২ ধারায় জরিমানা আরোপের প্রযোজ্যতা রহিয়াছে। কিন্তু, করদাতা বা ব্যক্তি ভাড়া হইতে আয়ের কোনো খাত গোপন বা অসত্য পরিমাণে প্রদর্শন করেন নাই বরং করযোগ্য আয়ের খাতকে করমুক্ত হিসাবে প্রদর্শন অথবা আয়কর আইনের ভাড়া হইতে আয় সংশ্লিষ্ট কোনো বিধান পরিপালন না করিবার ফলে অথবা আইন অনুযায়ী কোনো করমুক্ত আয়, করযোগ্য আয় হিসাবে বিবেচিত হইবার ক্ষেত্রে ২৭২ ধারায় জরিমানা আরোপের প্রযোজ্যতা নাই।

উল্লেখ্য, ভাড়া হইতে আয়ের কোনো খাত গোপন বা অসত্য পরিমাণে প্রদর্শনের ফলে কর ফাঁকি সংঘটনের গ্রহণযোগ্য দালিলিক প্রমাণক (evidence) ব্যতিরেকে শুধু ভাড়া হইতে আয় প্রাক্কলন বা যৌক্তিক ভাড়ামূল্য প্রাক্কলন ২৭২ ধারায় জরিমানা আরোপের ভিত্তি হিসাবে বিবেচিত হইবে না।

৩। কৃষি হইতে আয়ঃ যে ক্ষেত্রে কোনো করদাতা বা ব্যক্তির কৃষি হইতে আয়ের কোনো খাত গোপন বা অসত্য পরিমাণে প্রদর্শনের ফলে কর ফাঁকি সংঘটিত হয় সেক্ষেত্রে ২৭২ ধারায় জরিমানা আরোপের প্রযোজ্যতা রহিয়াছে। কিন্তু, করদাতা বা ব্যক্তি কৃষি হইতে আয়ের কোনো খাত গোপন বা অসত্য পরিমাণে প্রদর্শন করেন নাই বরং করযোগ্য আয়ের খাতকে করমুক্ত হিসাবে প্রদর্শন অথবা আয়কর আইনের কৃষি হইতে আয় সংশ্লিষ্ট কোনো বিধান পরিপালন না করিবার ফলে অথবা আইন অনুযায়ী কোনো করমুক্ত আয়, করযোগ্য আয় হিসাবে বিবেচিত হইবার ক্ষেত্রে ২৭২ ধারায় জরিমানা আরোপের প্রযোজ্যতা নাই।

উল্লেখ্য, কৃষি হইতে আয়ের কোনো খাত গোপন বা অসত্য পরিমাণে প্রদর্শনের ফলে কর ফাঁকি সংঘটনের গ্রহণযোগ্য দালিলিক প্রমাণক (evidence) ব্যতিরেকে শুধু কৃষি হইতে আয় প্রাক্কলন ২৭২ ধারায় জরিমানা আরোপের ভিত্তি হিসাবে বিবেচিত হইবে না।

৪। ব্যবসা বা পেশা হইতে আযঃ যে ক্ষেত্রে কোনো করদাতা বা ব্যক্তির ব্যবসা বা পেশা হইতে আয়ের কোনো খাত গোপন বা অসত্য পরিমাণে প্রদর্শনের ফলে কর ফাঁকি সংঘটিত হয় সেক্ষেত্রে ২৭২ ধারায় জরিমানা আরোপের প্রযোজ্যতা রহিয়াছে। কিন্তু, করদাতা বা ব্যক্তি ব্যবসা বা পেশা হইতে আয়ের কোনো খাত গোপন বা অসত্য পরিমাণে প্রদর্শন করেন নাই বরং করযোগ্য আয়ের খাতকে করমুক্ত হিসাবে প্রদর্শন অথবা আয়কর আইনের ব্যবসা বা পেশা হইতে আয় সংশ্লিষ্ট কোনো বিধান পরিপালন না করিবার ফলে অথবা আইন অনুযায়ী কোনো করমুক্ত আয়, করযোগ্য আয় হিসাবে বিবেচিত হইবার ক্ষেত্রে ২৭২ ধারায় জরিমানা আরোপের প্রযোজ্যতা নাই।

উল্লেখ্য, ব্যবসা বা পেশা হইতে আয়ের কোনো খাত গোপন বা অসত্য পরিমাণে প্রদর্শনের ফলে কর ফাঁকি সংঘটনের গ্রহণযোগ্য দালিলিক প্রমাণক (evidence) ব্যতিরেকে শুধু ব্যবসা বা পেশা হইতে আয় প্রাক্কলন ২৭২ ধারায় জরিমানা আরোপের ভিত্তি হিসাবে বিবেচিত হইবে না।

৫। মূলধনী আয়ঃ যে ক্ষেত্রে কোনো করদাতা বা ব্যক্তির মূলধনী আয়ের কোনো খাত গোপন বা অসত্য পরিমাণে প্রদর্শনের ফলে কর ফাঁকি সংঘটিত হয় সেক্ষেত্রে ২৭২ ধারায় জরিমানা আরোপের প্রযোজ্যতা রহিয়াছে। কিন্তু, করদাতা বা ব্যক্তি মূলধনী আয়ের কোনো খাত গোপন বা অসত্য পরিমাণে প্রদর্শন করেন নাই বরং করযোগ্য আয়ের খাতকে করমুক্ত হিসাবে প্রদর্শন অথবা আয়কর আইনের মূলধনী আয় সংশ্লিষ্ট কোনো বিধান পরিপালন না করিবার ফলে অথবা আইন অনুযায়ী কোনো করমুক্ত আয়, করযোগ্য আয় হিসাবে বিবেচিত হইবার ক্ষেত্রে ২৭২ ধারায় জরিমানা আরোপের প্রযোজ্যতা নাই।

উল্লেখ্য, মূলধনী আয়ের কোনো খাত গোপন বা অসত্য পরিমাণে প্রদর্শনের ফলে কর ফাঁকি সংঘটনের গ্রহণযোগ্য দালিলিক প্রমাণক (evidence) ব্যতিরেকে শুধু মূলধনী আয় প্রাক্কলন ২৭২ ধারায় জরিমানা আরোপের ভিত্তি হিসাবে বিবেচিত হইবে না।

৬। আর্থিক পরিসম্পদ হইতে আয়ঃ যে ক্ষেত্রে কোনো করদাতা বা ব্যক্তির আর্থিক পরিসম্পদ হইতে আয়ের কোনো খাত গোপন বা অসত্য পরিমাণে প্রদর্শনের ফলে কর ফাঁকি সংঘটিত হয় সেক্ষেত্রে ২৭২ ধারায় জরিমানা আরোপের প্রযোজ্যতা রহিয়াছে। কিন্তু, করদাতা বা ব্যক্তি আর্থিক পরিসম্পদ হইতে আয়ের কোনো খাত গোপন বা অসত্য পরিমাণে প্রদর্শন করেন নাই বরং করযোগ্য আয়ের খাতকে করমুক্ত হিসাবে প্রদর্শন অথবা আয়কর আইনের আর্থিক পরিসম্পদ হইতে আয় সংশ্লিষ্ট কোনো বিধান পরিপালন না করিবার ফলে অথবা আইন অনুযায়ী কোনো করমুক্ত আয়, করযোগ্য আয় হিসাবে বিবেচিত হইবার ক্ষেত্রে ২৭২ ধারায় জরিমানা আরোপের প্রযোজ্যতা নাই।

উল্লেখ্য, আর্থিক পরিসম্পদ হইতে আয়ের কোনো খাত গোপন বা অসত্য পরিমাণে প্রদর্শনের ফলে কর ফাঁকি সংঘটনের গ্রহণযোগ্য দালিলিক প্রমাণক (evidence) ব্যতিরেকে শুধু আর্থিক পরিসম্পদ হইতে আয় প্রাক্কলন ২৭২ ধারায় জরিমানা আরোপের ভিত্তি হিসাবে বিবেচিত হইবে না।

৭। অন্যান্য উৎস হইতে আয়ঃ যে ক্ষেত্রে কোনো করদাতা বা ব্যক্তির ধারা ৬৬ এ উল্লিখিত অন্যান্য উৎস হইতে আয়ের কোনো খাত গোপন বা অসত্য পরিমাণে প্রদর্শনের ফলে কর ফাঁকি সংঘটিত হয় সেক্ষেত্রে ২৭২ ধারায় জরিমানা আরোপের প্রযোজ্যতা রহিয়াছে। কিন্তু, করদাতা বা ব্যক্তি অন্যান্য উৎস হইতে আয়ের কোনো খাত গোপন বা অসত্য পরিমাণে প্রদর্শন করেন নাই বরং করযোগ্য আয়ের খাতকে করমুক্ত হিসাবে প্রদর্শন অথবা আয়কর আইনের অন্যান্য উৎস হইতে আয় সংশ্লিষ্ট কোনো বিধান পরিপালন না করিবার ফলে অথবা আইন অনুযায়ী কোনো করমুক্ত আয়, করযোগ্য আয় হিসাবে বিবেচিত হইবার ক্ষেত্রে ২৭২ ধারায় জরিমানা আরোপের প্রযোজ্যতা নাই।

উল্লেখ থাকে যে, অন্যান্য উৎস হইতে আয়ের কোনো খাত গোপন বা অসত্য পরিমাণে প্রদর্শনের ফলে কর ফাঁকি সংঘটনের গ্রহণযোগ্য দালিলিক প্রমাণক (evidence) ব্যতিরেকে শুধু 'অন্যান্য উৎস হইতে আয়' প্রাক্কলন ২৭২ ধারায় জরিমানা আরোপের ভিত্তি হিসাবে বিবেচিত হইবে না।

আরও উল্লেখ থাকে যে, উপকর কমিশনার কর্তৃক আয়কর আইনের ধারা ৬৭ এর উপ-ধারা (৩) ব্যতীত অন্যান্য উপ-ধারা প্রয়োগের পরিপ্রেক্ষিতে যদি কোনো করদাতা বা ব্যক্তির ক্ষেত্রে 'অন্যান্য উৎস হইতে আয়' উদ্ভূত হয়, সেক্ষেত্রে উক্ত 'অন্যান্য উৎস হইতে আয়' এর উপর ধারা ২৭২ এ জরিমানা আরোপের প্রযোজ্যতা নাই। তবে ধারা ৬৭ এর উপ-ধারা (৩) এর প্রয়োগের পরিপ্রক্ষিতে 'অন্যান্য উৎস হইতে আয়' এর উদ্ভব হইলে, উক্ত অন্যান্য উৎস হইতে আয়ের উপর ধারা ২৭২ অনুযায়ী জরিমানা আরোপের প্রযোজ্যতা রহিয়াছে। তবে, এক্ষেত্রে গ্রহণযোগ্য দালিলিক প্রমাণক (evidence) ব্যতিরেকে শুধু 'অন্যান্য উৎস হইতে আয়' প্রাক্কলন ২৭২ ধারায় জরিমানা আরোপের ভিত্তি হিসাবে বিবেচিত হইবে না।"

স্বাক্ষরিত/-০২/০৯/২০২৬ খ্রিঃ
(আহসান হাবিব)
ভারপ্রাপ্ত চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড

বিতরণঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব/ সচিব, ...(দ্রুততম সময়ের মধ্যে অধীনস্থ মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থা ও সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণকে অবহিতকরণের অনুরোধসহ)।

২। সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৩। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল/কর পরিদর্শন পরিদপ্তর/বিসিএস কর একাডেমী, ঢাকা।

৪। কর কমিশনার, কর আপীল অঞ্চল-১/২/৩/৪, ঢাকা।

৫। কর কমিশনার, কর আপীল অঞ্চল-চট্টগ্রাম/খুলনা/রাজশাহী।

৬। কর কমিশনার, আয়কর গোয়েন্দা ও তদন্ত ইউনিট/ই-ট্যাক্স ম্যানেজমেন্ট ইউনিট/উৎসে কর ব্যবস্থাপনা ইউনিট, ঢাকা।

৭। মহাপরিচালক, গবেষণা ও পরিসংখ্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৮। কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট (এলটিইউ)/কর অঞ্চল-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১/১২/১৩/১৪ /১৫/১৬/১৭/১৮/১৯/২০/২১/২২/২৩/২৪/২৫, ঢাকা (দ্রুততম সময়ের মধ্যে সকল পরিদর্শী রেঞ্জ ও কর সার্কেলকে অবহিতকরণের অনুরোধসহ)।

৯। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪/৫/৬, চট্টগ্রাম (দ্রুততম সময়ের মধ্যে সকল পরিদর্শী রেঞ্জ ও কর সার্কেলকে অবহিতকরণের অনুরোধসহ)।

১০। কর কমিশনার, কর অঞ্চল-নারায়ণগঞ্জ/গাজীপুর/ময়মনসিংহ/কুমিল্লা/বগুড়া/রাজশাহী/রংপুর/ বরিশাল/সিলেট/খুলনা/কুষ্টিয়া/যশোর/নরসিংদী/কক্সবাজার/ফরিদপুর/দিনাজপুর/নোয়াখালী/কেন্দ্রীয় জরীপ অঞ্চল, ঢাকা (দ্রুততম সময়ের মধ্যে সকল পরিদর্শী রেঞ্জ ও কর সার্কেলকে অবহিতকরণের অনুরোধসহ)।

১১। প্রধান নির্বাহী কর্মকর্তা/ ব্যবস্থাপনা পরিচালক, ... (দ্রুততম সময়ের মধ্যে অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীগণকে অবহিতকরণের অনুরোধসহ)।

১২। মহাপরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা-১০০০।

১৩। প্রেসিডেন্ট, দ্য ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ (ICAB), সিএ ভবন, ১০০ কাজী নজরুল ইসলাম অ্যাভিনিউ, ঢাকা ১২১৫।

১৪। প্রেসিডেন্ট, দি ইনস্টিটিউট অব কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ (ICMAB), ICMA Bhaban, 3 Nilkhet, ঢাকা।

১৫। প্রেসিডেন্ট, ঢাকা ট্যাক্সেস বার অ্যাসোসিয়েশন, রাজস্ব ভবন, নিচতলা, ২য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।

১৬। প্রেসিডেন্ট, বাংলাদেশ ট্যাক্স ল-ইয়ার্স অ্যাসোসিয়েশন (BTLA), রাজস্ব ভবন, নিচ তলা, ২য় পর্যায়, সেগুনবাগিচা, ঢাকা

১৭। সিস্টেম ম্যানজোর, জাতীয় রাজস্ব বোড, ঢাকা (জাতীয় রাজস্ব বোর্ডের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোডের জন্য)।

১৮। জনসংযোগ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড (আদেশটি বহুল প্রচারের অনুরোধসহ)।

১৯। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২০। অফিস কপি/ গার্ড কপি।

০২/০২/২০২৬

(মোঃ একরামুল হক)
দ্বিতীয় সচিব (কর আইন-১)
কর নীতি উইং
জাতীয় রাজস্ব বোর্ড